গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
(অপারেশন শাখা)

স্মারক নম্বর- ৩৫.০৩.০০০০.০০৪.১৪.০০৯.২১-৬১৪ তারিখঃ ৩০ আগষ্ট ২০২৩ খ্রি.।

**বিষয়: মোটরযানের ফিটনেস এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ প্রক্রিয়া সম্প্রসারণ প্রসঙ্গে।**

সূত্র: বিআরটিএ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরটিএ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এ মোটরযানের ফিটনেস নবায়নের নিমিত্তে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ কার্যক্রম সারাদেশে সম্প্রসারনের লক্ষ্যমাত্রা রয়েছে। কাজেই, বিআরটিএ খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী/ বিভাগের আওতাধীন সার্কেল অফিস সমূহে আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ থেকে অনলাইনে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযানের ফিটনেস সনদ প্রদান কার্যক্রম চালু করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ/ রাজশাহী/ বিভাগের আওতাধীন সার্কেল অফিসসমূহে ফিটনেস নবায়নের নিমিত্তে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণের প্রক্রিয়া চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মোটরযান ফিটনেস প্রদানকারী MVI এবং মোটরযানের স্থীরচিত্র তুলে সংরক্ষণ করতে হবে।

৩। এছাড়াও, বর্ণিত সেবা প্রদান সংক্রান্ত বিজ্ঞাপন (কপি সংযুক্ত) নির্ধারিত তারিখের পূর্বেই ব্যানার আকারে দৃশমান স্থানে এবং বহুল প্রচলিত জাতীয়/স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে - ০২ (দুই) পাতা।

৩০/০৮/২৩

**(মোঃ ইয়া জামিউল ইকরাম)**
কম্পিউটার অপারেশন সুপারভাইজার (অ:দা:)
ফোনঃ ৫৫০৪০৭৫০
ইমেইল: cos@brta.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. পরিচালক(ইঞ্জিঃ), খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ/ রাজশাহী/ বিভাগীয় অফিস কার্যালয়।
২. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ খুলনা জেলা সার্কেল, খুলনা।
৩. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ যশোর জেলা সার্কেল, যশোর।
৪. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ নড়াইল জেলা সার্কেল, নড়াইল।
৫. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ সাতক্ষীরা জেলা সার্কেল, সাতক্ষীরা।
৬. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ চুয়াডাঙ্গা জেলা সার্কেল, চুয়াডাঙ্গা।
৭. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ মেহেরপুর জেলা সার্কেল, মেহেরপুর।
৮. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ কুষ্টিয়া জেলা সার্কেল, কুষ্টিয়া।
৯. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ মাগুড়া জেলা সার্কেল, মাগুড়া।
১০. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ বাগেরহাট জেলা সার্কেল, বাগেরহাট।

১১. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ঝিনাইদহ জেলা সার্কেল, ঝিনাইদহ।
১২. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ সিলেট জেলা সার্কেল, সিলেট।
১৩. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ মৌলভীবাজার জেলা সার্কেল, মৌলভীবাজার।
১৪. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ হবিগঞ্জ জেলা সার্কেল, হবিগঞ্জ।
১৫. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ সুনামগঞ্জ জেলা সার্কেল, সুনামগঞ্জ।
১৬. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ বরিশাল জেলা সার্কেল, বরিশাল।
১৭. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ঝালকাঠি জেলা সার্কেল, ঝালকাঠি।
১৮. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ পিরোজপুর জেলা সার্কেল, পিরোজপুর।
১৯. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ বড়গুনা জেলা সার্কেল, বড়গুনা।
২০. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ পটুয়াখালী জেলা সার্কেল, পটুয়াখালী।
২১. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ভোলা জেলা সার্কেল, ভোলা।
২২. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ রংপুর জেলা সার্কেল, রংপুর।
২৩. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ দিনাজপুর জেলা সার্কেল, দিনাজপুর।
২৪. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ পঞ্চগড় জেলা সার্কেল, পঞ্চগড়।
২৫. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ লালমনিরহাট জেলা সার্কেল, লালমনিরহাট।
২৬. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ঠাকুরগাঁও জেলা সার্কেল, ঠাকুরগাঁও।
২৭. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ নীলফামারী জেলা সার্কেল, নীলফামারী।
২৮. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ কুড়িগ্রাম জেলা সার্কেল, কুড়িগ্রাম।
২৯. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ গাইবান্ধা জেলা সার্কেল, গাইবান্ধা।
৩০. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ময়মনসিংহ জেলা সার্কেল, ময়মনসিংহ।
৩১. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ শেরপুর জেলা সার্কেল, শেরপুর।
৩২. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ জামালপুর জেলা সার্কেল, জামালপুর।
৩৩. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ নেত্রকোনা জেলা সার্কেল, নেত্রকোনা।
৩৪. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, রাজশাহী, আমতলা, রাজশাহী।
৩৫. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, রাজশাহী জেলা সার্কেল, রাজশাহী।
৩৬. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, বগুড়া জেলা সার্কেল, বগুড়া।
৩৭. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, নাটোর জেলা সার্কেল, নাটোর।
৩৮. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, নঁওগা জেলা সার্কেল, নঁওগা।
৩৯. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, পাবনা জেলা সার্কেল, পাবনা।
৪০. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, সিরাজগঞ্জ জেলা সার্কেল, সিরাজগঞ্জ।
৪১. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, চাপাইনবাবগঞ্জ জেলা সার্কেল, চাপাইনবাবগঞ্জ।
৪২. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, জয়পুরহাট জেলা সার্কেল, জয়পুরহাট।
৪৩. ব্যবস্থাপনা পরিচালক, কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেমস (সিএনএস) লি., হাউজ নং ৯৬৭, রোড নং ১৫, এভিনিউ-২, মিরপুর ডিওএইচএস, ঢাকা (বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে সার্বিক সহায়তা প্রদান, ইউজার মেনুয়্যাল সরবরাহ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের অনুরোধসহ)।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিয়ারিং), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২।
২. উপপরিচালক(ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ/ রাজশাহী/ বিভাগীয় অফিস কার্যালয়।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, বিআরটিএ-আইএস ও বিএসপি সংক্রান্ত চুক্তি, কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেমস্ (সিএনএস), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**বিআরটিএ সদর কার্যালয়**

# মূল্যবান সময় বাঁচান, এ্যাপয়েন্টমেন্ট নিয়ে মোটরযানের ফিটনেস সনদ গ্রহণ করুন।

**ফিটনেস সনদ গ্রহণের জন্য অ্যাপয়েন্টমেন্ট প্রক্রিয়া:**

ধাপ-১: (বিএসপিতে রেজিস্ট্রেশন) (১) bsp.brta.gov.bd ==> নিবন্ধন বাটনে ক্লিক করুন ==> নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ইমেইল আইডি এবং পাসওয়ার্ডের তথ্য দিয়ে "নিবন্ধন করুন" বাটনে ক্লিক করুন ।

(২) প্রদত্ত ইমেইলে প্রবেশ করুন ==> BSP থেকে প্রাপ্ত মেইলের ইউজার এক্টিভেশন লিংকে ক্লিক করুন ==> পূর্বে প্রদত্ত সেল ফোন/মোবাইল নম্বর বা ইমেইল আইডি এবং পাসওয়ার্ড প্রদান করে লগ ইন বাটনে ক্লিক করুন ==> মোবাইল/সেল ফোনে প্রাপ্ত Online Time Password (OTP) প্রদান করে ভেরিফাই বাটনে ক্লিক করে বিআরটিএ সার্ভিস পোর্টাল সিস্টেমে রেজিষ্টেশন কার্যক্রম সম্পু করুন।

ধাপ-২: (মোটরযান সংযুক্তকরণ) সেলফোন/মোবাইল নম্বর বা ইমেইল আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে বিএসপিতে (www.bsp.brta.gov.bd) লগইন করুন ==> মোটরযান নিবন্ধন মেনুতে ক্লিক করুন ==> মোটরযান সংযুক্তকরণ অপশনে ক্লিক করুন ==> রেজিষ্ট্রেশন নম্বর (শেষ চার সংখ্যা), উৎপাদনের বছর, চেচিস নম্বর ও ইঞ্জিন নম্বরের তথ্য দিয়ে অনুসন্ধান করে "সংযুক্ত করুন" বাটনে ক্লিক করুন।

ধাপ-৩; (ফিটনেসের জন্য অ্যাপয়েন্টমেন্ট) অ্যাপয়েন্টমেন্ট মেনুতে ক্লিক করুন ==> ফিটনেসের জন্য অ্যাপয়েন্টমেন্ট এ ক্লিক করুন ==> অ্যাপয়েন্টমেন্ট এর তারিখ, রেজিস্ট্রেশন নম্বর, শাখার যে বিআরটিএ সার্কেল থেকে ফিটনেস করতে চান সে বিআরটিএ সার্কেল নির্বাচন করুন), টাইম স্লট এবং মোবাইল নম্বর নির্বাচন করে "সংরক্ষণ" বাটনে ক্লিক করুন।

ধাপ-৪: ফিটনেসের জন্য ইমেইল/মোবাইলে প্রাপ্ত ই - টোকেনের সিরিয়াল নম্বরসহ ফিটনেস নবায়নের আবেদন ফরম পূরণ করে ফিটনেস এবং অগ্রিম আয়করের ফি জমা রশিদ নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট সার্কেলে মোটরযান হাজির করে, ফিটনেস নবায়ন সনদ গ্রহণ করুন।

বি:দ্র: (১) ফিটনেস Expired Date এর তারিখে টাইম স্লটে Serial না থাকলেও Appointment এর জন্য শেষ স্লটে (Slot-4 (03:00 PM - 04:00 PM) আবেদন করতে পারবেন। (২) বিএসপি সংশ্লিষ্ট যে কোনো সমস্যায় ১৬১০৭ বা ০৯৬১০৯৯০৯৯৮ কল সেন্টার নম্বরে যোগাযোগ করুন (কল সেন্টার সরকারি ছুটির দিন ব্যতীত রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত খোলা থাকে) (৩) বিআরটিএ সার্কেলের হেল্পডেস্ক থেকে বিএসপিতে ফিটনেস অ্যাপয়েন্টমেন্ট নিতে সহায়তা প্রদান করা হয়। (৪) তারপরেও যদি বিএসপিতে ফিটনেস অ্যাপয়েন্টমেন্ট নিতে কোন ধরণের সমস্যা হয় তাহলে সংশ্লিষ্ট সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর সাথে যোগাযোগ করুন।

বিআরটিএ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**বিআরটিএ ......... বিভাগীয় কার্যালয়**

## মূল্যবান সময় বাঁচান, এ্যাপয়েন্টমেন্ট নিয়ে মোটরযানের ফিটনেস সনদ গ্রহণ করুন।

বিআরটিএ খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী বিভাগের আওতাধীন সকল জেলা সার্কেল অফিসসমূহে আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে অনলাইনে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযানের ফিটনেস সনদ প্রদান কার্যক্রম শুরু হচ্ছে। অনলাইনে এ্যাপয়েন্টমেন্ট নিয়ে নির্ধারিত সময়ে গাড়ি হাজির করে সংশ্লিষ্ট সার্কেল অফিস থেকে ফিটনেস নবায়ন সনদ গ্রহণ করতে হবে।

### এ্যাপয়েন্টেমেন্ট গ্রহণ প্রক্রিয়াঃ

- বিআরটিএ সার্ভিস পোর্টাল (bsp.brta.gov.bd)-এ নিবন্ধন করুন ও লগ ইন করুন;
- মোটরযান সংযোজন অপশনে মোটরযান সংযোজন করুন;
- এ্যাপয়েন্টমেন্ট মেনু থেকে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করুন;
- নির্ধারিত সময়ে সার্কেলে মোটরযান হাজির করে ফিটনেস নবায়ন করুন।
- বিস্তারিত তথ্যের জন্য বিআরটিএ'র ওয়েবসাইট www.brta.gov.bd দেখুন।

**[বি:দ্র: বিআরটিএ খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী বিভাগের আওতাধীন সকল জেলা/মেট্রো সার্কেল হতে এ্যাপয়েন্টমেন্ট ব্যতিত মোটরযানের ফিটনেস নবায়ন করা যাবে না।]**

পরিচালক (ইঞ্জিঃ)
বিআরটিএ, ........... বিভাগ।